

❖ উদাহরণসহ মিশ্র বা তান প্রধান ছন্দ রীতির প্রকৃতি ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।

তমাল কান্তি পাল

বাংলা বিভাগ, ডোমকল কলেজ।

যে কাব্য ছন্দে চরণের শুরু থেকে শেষ পর্যন্ত শব্দ ধ্বনির অতিরিক্ত একটা ধীর ও গম্ভীর লয়ের একটানা সুর বা তান থাকে, মূল পর্ব সাধারণত আট বা দশ জোড় মাত্রার (চার-ছয় মাত্রার ও হয়) যুক্ত পর্বের পদ হয়, শোষণ শক্তি সমন্বিত, শব্দান্ত রুদ্ধদল সর্বদা দ্বিমাত্রিক বা দুই মাত্রার, কিন্তু শব্দের আদি ও মধ্যস্থ রুদ্ধতল মুক্ত দলের মতো এক কলামাত্রিক বা এক মাত্রার অর্থাৎ মাত্রা গণনার রীতি মিশ্র এবং এর ফলে রুদ্ধদল শোষণের সম্ভাবনায়ুক্ত, দীর্ঘ ঐতিহ্যময় সনাতন বাংলা কাব্য ছন্দকেই বলা হয় মিশ্র কলাবৃত্ত ছন্দ বা মিশ্র তান প্রধান ছন্দ।

উদাহরণ:-

বন হতে এলো এক |টিয়ে মনোহর। ৮+৬

সোনার টোপের শোভে |মাথার উপর।। ৮+৬

সাধারণ বৈশিষ্ট্য:-

১. মিশ্রবৃত্ত ছন্দে প্রধানতম বৈশিষ্ট্য এর মাত্রা গণনা রীতি মিশ্র প্রকৃতির। মুক্তদল ১ মাত্রা। পদ বা শব্দের আদি ও মধ্যস্থিত রুদ্ধদল ১মাত্রা হিসাবে গণনীয়। পদান্ত রুদ্ধদল ২মাত্রা বিশিষ্ট। একক রুদ্ধদল (চাল, কার, শিব) ২মাত্রা।
২. তানপ্রধান ছন্দের লয় ধীর প্রকৃতির। দীর্ঘ পংক্তির জন্য ধ্বনিগত লয় ধীর, গম্ভীর, এবং মস্তির।
৩. এই জাতীয় ছন্দে রুদ্ধদলের সংকোচন এর সূত্রেই এই ছন্দের আরো একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য এর অসাধারণ শোষণ শক্তি ক্ষমতা।
৪. আবৃত্তি ও উচ্চারণে এই ছন্দে একটানা ধ্বনির প্রবাহ বা তান থাকে।
৫. সাধারণভাবে ৮+৬ বা ৮+১০ মাত্রার পর্বসজ্জা দিয়ে এই ছন্দের ছত্র গঠিত হয়। কিন্তু ত্রিপদী বা অপরাপর রূপবন্ধে ভিন্নবিন্যাস ও লক্ষ্য করা যায়। যেমন- ৬+৬ / ৬+২।
৬. পয়ার, দ্বিপদী, ত্রিপদী, চৌপদী, একাবলী ইত্যাদি প্রাচীন ও নব্য রূপের বৈচিত্র্য এই ছন্দে বিদ্যমান।
৭. তানপ্রধান ছন্দে শব্দ সংযোজনার বহু ধরনের সম্ভাবনা ও বিকল্প থাকায় লঘুতা ও গাম্ভীর্যের নানা পরম্পরা এতে সৃষ্টি করা যেতে পারে।
৮. যতিলোপ- এই জাতীয় ছন্দের একটি বৈশিষ্ট্য।
৯. প্রবাহমানতা ও পংক্তি লঙ্ঘন বর্তমানে প্রধান ধর্ম হয়ে উঠেছে এই জাতীয় ছন্দে।
১০. এই ছন্দে স্তবক গঠনে কোনো নির্দিষ্ট বিধি-নিষেধ নাই।
১১. গদ্য সুলভ সহজ গতি ও চলনের জন্য কাহিনি, জীবনী, ঘটনা ইত্যাদি বিবৃত করার উপযোগী এই ছন্দে রয়েছে।

যেমন:-

মোরে বার সভাকবি | ধ্যানমগ্ন তোমার সভায়। ৮+১০

হে শবরী হে অবগুষ্ঠিতা। ১০

তোমার আকাশ জুড়ি | যুগে যুগে জপিছে যাহারা। ৮+১০

বিরচিব তাহাদের গীতা।। ১০